

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৮৯৫

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ তাওয়াফে ইফাযাহ করার পর মুহাজির ব্যক্তির অবস্থান করা প্রসঙ্গে বর্ণনা

ذَكَرُ الْإِخْبَارِ عَمَّا يُقِيمُ الْمُهَاجِرُ بَعْدَ الْإِفَاضَةِ

আরবী

3895 - أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ عَنْ سُفْيَانَ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ حُمَيْدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ قَالَ: سَمِعْتُ عُمَرَ بْنَ عَبْدِ الْعَزِيزِ يَسْأَلُ السَّائِبَ يَنْ يَزِيدَ: مَا سَمِعْتَ فِي سُكْنَى مَكَّةَ؟ فَقَالَ: حَدَّثَنِي الْعَلَاءُ بْنُ الْحَضْرَمِيِّ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (لِلْمُهَاجِرِ ثَلَاثًا بَعْدَ الصَّدْرِ)  
 الراوي : عَبْدُ الرَّحْمَنِ بْنِ حُمَيْدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان  
 الصفحة أو الرقم: 3895 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))  
 (1763): ق.

বাংলা

৩৮৯৫. আব্দুর রহমান বিন হুমাইদ বিন আব্দুর রহমান বিন আওফ থেকে বর্ণিত, তিনি বলেন, আমি উমার বিন আব্দুল আযীয রহিমাল্লাহকে বলতে শুনেছি, তিনি সাযিব বিন ইয়াযিদ রাদিয়াল্লাহু আনহুকে জিজ্ঞেস করেন, “আপনি মক্কায় বাসস্থান করা সম্পর্কে কী শ্রবণ করেছেন?” তখন তিনি বলেন, “আমাকে আলা বিন হাযরামী রাদিয়াল্লাহু আনহু হাদীস বর্ণনা করেছেন, নিশ্চয়ই আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “বিদায়ী তাওয়াফ করার পর (মক্কা থেকে) হিজরতকারী ব্যক্তির জন্য তিন দিন অবস্থান করার ইখতিয়ার রয়েছে।”[1]

ফুটনোট

[1] ইমাম শাফেঈ: ১/৩৬৮; মুসনাদ আহমাদ: ৪/৩৩৯; হুমাইদী: ৮৪৪; সহীহ মুসলিম: ১৩৫২; তিরমিযী: ৯৪৯; নাসাঈ: ৩/১২২; তাবারানী আল কাবীর: ১৮/১৭১; সহীহুল বুখারী: ৩৯৩৩; আবু দাউদ: ২০২২; নাসাঈ: ৩/১২১-১২২; সুনান বাইহাকী: ৩/১৪৭; ইবনু মাজাহ: ১০৭৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৭৬৩)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93234>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন